পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

	বিষয়	সাবমিশনের সারসংক্ষেপ	প্রস্তাবিত শ্রেণি
1	ইনকোয়ারির গুরুত্ব।	প্রাপ্ত সমস্ত সাবমিশন এটি বিবেচনা মনে করেছে যে একটি পাবলিক ইনকোয়েস্ট অনুষ্ঠিত হওয়া উচিত। যে বিষয়গুলোর উপর জোর দেওয়া হয়েছে তার মধ্যে রয়েছে: আক্রমণগুলো নিউজিল্যান্ডে নজিরবিহীন ছিল, কোনও ফৌজদারি বিচার হয়নি, পরিবারগুলো RCOI প্রক্রিয়ায় সম্পূর্ণরূপে অংশগ্রহণ করতে সক্ষম হয়নি, RCOI শুধুমাত্র পাবলিক সেক্টরের সংস্থাগুলোর ক্রিয়াকলাপগুলোকে সম্বোধন করেছে, RCOI প্রমাণের বেশিরভাগই চাপা দেওয়া হয়েছে, স্যানিটাইজ করা হয়েছে বা বাদ দেওয়া হয়েছে, এবং এটিই শেষ পাবলিক আইনি প্রক্রিয়া। বিভিন্ন সাবমিশন জোর দিয়ে বলেছে যে তারা মনে করে না যে RCOI সন্তোষজনকভাবে সমস্ত সমস্যা কভার করেছে বা প্রত্যাশিত সুনির্দিষ্ট উত্তর এবং জবাবদিহিতা পেতে যথেষ্ট গভীরে গিয়ে কাজ করেছে, যে ভিকটিমদের পক্ষে RCOI রিপোর্টটির সাথে জড়িত হওয়া কঠিন ছিল (ভাষা, পেশাদার সহায়তার অভাব এবং অন্যান্য অ্যাক্সেস সংক্রান্ত সমস্যাগুলোর ফলে) এবং যে ভবিষ্যতে আক্রমণ প্রতিরোধ করার জন্য তারা আরও সুপারিশ প্রয়োজনীয় বলে মনে করে। একটি ধারাবাহিক বিষয় এটিও ছিল যে পূর্বের আইনি প্রক্রিয়াগুলো নিয়ে ভিকটিম এবং তাদের পরিবারগুলোর যে সমস্যা হয়েছিল তাতে তাদের মনে হয়েছে যে তাদের কথা শোনা হয়নি এবং তাদের ক্ষমতা ছিনিয়ে নেওয়া হয়েছে, এবং এখন একটি আরও পুনরুদ্ধার কেন্দ্রিক প্রক্রিয়া প্রয়োজন।	প্রযোজ্য নয়

2	সন্ত্রাসীটিকে কীভাবে মৌলবাদী করা হয়েছিল এবং ভবিষ্যতে কীভাবে এটি প্রতিরোধ করা যেতে পারে?	বেশ কয়েকটি পক্ষ দ্বারা উত্থাপিত। জিজ্ঞাসা করা সুনির্দিষ্ট প্রশ্নগুলোর মধ্যে রয়েছে: • শৈশবে কখন এবং কীভাবে তার বর্ণবাদী দৃষ্টিভঙ্গি তৈরি হয়েছিল? • কেন তার বর্ণবাদী দৃষ্টিভঙ্গিকে প্রথম থেকেই বাধা দেওয়া হয়নি? • কেন তার অনলাইন ক্রিয়াকলাপ এবং তার ডিভাইসগুলো মূলত তদন্তের বাইরে রয়ে গেছে? • কিসের প্রভাব তাকে একটি কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্ক হিসাবে এই পথে ঠেলেছিল? • সে এমন কী কী কর্মকাণ্ডে জড়িত ছিল যা তাকে এতটা মৌলবাদি করে তুলেছিল? • অনুরূপ পরিস্থিতিতে ভবিষ্যতে মৃত্যু রোধ করতে কী সুপারিশ করা যেতে পারে? • হস্তক্ষেপ করার সুযোগ কি হাতছাড়া হয়েছিল? • এখন থেকে মৌলবাদ এবং ঘৃণার পথ কীভাবে রুদ্ধ করা যায়? • অমানবিকতা এবং সহিংসতা উস্কে দেয় এমন ওয়েবসাইট এবং অনলাইন গেমিং অ্যাক্সেস এবং নিয়ন্ত্রণের ক্ষেত্রে কী কী নিয়ন্ত্রক, আইনি বা অন্যান্য পদক্ষেপ নেওয়া যেতে পারে? উত্থাপিত উদ্বেগগুলোর মধ্যে রয়েছে যে RCOI সন্ত্রাসীদের অনলাইন এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার এবং রাষ্ট্রীয় সংস্থাগুলো অনলাইন চরমপন্থার উপর সংস্থানগুলোকে সঠিকভাবে কেন্দ্রীভূত করে আক্রমণটি শনাক্ত করতে পারত কিনা তা পর্যাপ্তভাবে সম্বোধন করেনি।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

3	সন্ত্রাসীর ভ্রমণ ইতিহাস সম্পর্কে কী জানা গেছে এবং তার বিদেশে প্রশিক্ষণের কোনও প্রমাণ আছে কিনা?	এই বিষয়টি বেশ কয়েকটি পক্ষ উত্থাপন করেছিল। জিজ্ঞাসা করা সুনির্দিষ্ট প্রশ্নগুলোর মধ্যে রয়েছে যে সে নিউজিল্যান্ডে প্রবেশ করার সময় কেন বিপদের লাল পতাকা তোলা হয়নি এবং সে বিদেশে প্রশিক্ষণ পেয়েছিল এবং হত্যা করেছিল কিনা (তার বোনের ইঙ্গিতের ভিত্তিতে যে সে আফগানিস্তানে ভ্রমণ করেছিল)। আক্রমণের সময় আগ্নেয়াস্ত্র এবং সামরিক কৌশল নিয়ে সন্ত্রাসীর আপাত অভিজ্ঞতা বা দক্ষতাকে বেশ কয়েকটি সাবমিশনে উদ্বেগের সাথে উল্লেখ করা হয়েছে।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
4	গোয়েন্দা/পুলিশ কি বিপদের সংকেত মিস করেছিল?	উত্থাপিত সুনির্দিষ্ট বিষয়গুলোর মধ্যে রয়েছে: "ব্যারি হ্যারি ট্যারি" ট্র্যাক করতে বা IP122.61.118.145 কে এবং নিম্নলিখিত আগ্নেয়াস্ত্র সম্পর্কিত বিষয়গুলোকে ফলো আপ করতে গোয়েন্দা সংস্থাগুলোর ব্যর্থতা।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয়গুলো (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)
5	ত্রুটিপূর্ণ আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং শাসনের মৃত্যুর প্রতি কোনও অবদান ছিল কি?	বিভিন্ন পক্ষের দ্বারা উত্থাপিত হয়েছে যে তারা RCOI এর সাথে একমত নন যে আগ্নেয়াস্ত্র প্রক্রিয়ার বিষয়গুলো আক্রমণের কারণ ছিল কিনা তা তারা নির্ধারণ করতে পারেননি।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
6	আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ কেনার কোনও রিপোর্ট কেন করা হয়নি?	পরিবারগুলো গোলাবারুদ ক্রয়ের ক্ষেত্রে রিপোর্টিং না হওয়া এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন গোলাবারুদের মতো উল্লেখযোগ্য ক্রয় চিহ্নিত করার এবং ম্যাপ করার পুলিশের ক্ষমতা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছে।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
7	বন্দুকের ক্লাবের সদস্যপদ নিয়ন্ত্রণ।	কিছু পরিবার উত্থাপন করেছে যে ওটাগো শুটিং স্পোর্টস রাইফেল অ্যান্ড পিস্তল ক্লাব এবং ব্রুস রাইফেল ক্লাবের সদস্যরা সন্ত্রাসী সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছিল এবং রিপোর্ট করা বাধ্যতামূলক করা উচিত কিনা তা জিজ্ঞাসা করেছিল।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

8	সন্ত্রাসী আগ্নেয়াস্ত্রের আঘাত নিয়ে 2018 সালের জুলাই মাসে হাসপাতালে যাওয়ার বিষয়টি হাসপাতাল রিপোর্ট করেনি কেন?	উপরের মতো।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
9	সম্পত্তির মালিকদের জন্য কি রিপোর্ট করার প্রয়োজনীয়তা বাধ্যতামূলক থাকা উচিত?	দুর্ঘটনাবশত একটি আগ্নেয়াস্ত্র থেকে গুলি ছুটে যাওয়ার ফলে সন্ত্রাসীর ভাড়া করা সম্পত্তির ক্ষতির বিষয়ে সন্ত্রাসীর বাড়িওয়ালা রিপোর্ট করতে ব্যর্থ হওয়ার ব্যাপারে কিছু পরিবার উদ্বিগ্ন।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
10	সন্ত্রাসীর RCOI সাক্ষাৎকার কেন 30 বছর ধরে চাপা ছিল?	চেপে রাখা তথ্য অ্যাক্সেস করতে এবং করোনার তা দেখেছেন কিনা তা জানতে পরিবারগুলোর অক্ষমতা নিয়ে বিভিন্ন সাবমিশন অসন্তুষ্টি ব্যক্ত করেছে।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

11	সন্ত্রাসী কি 15 মার্চ 2019 তারিখে উপস্থিত অন্য কোনও ব্যক্তির কাছ থেকে সরাসরি সহায়তা পেয়েছিল?	কিছু পক্ষ দাবি করেছে যে অন্য একজন শ্যুটার বা সহকারী উপস্থিত ছিল। উদ্বেগ উত্থাপন করা হয়েছে যে GoPro ফুটেজে দেখানো হয়েছে যে কেউ সন্ত্রাসীর গাড়ির পাশ দিয়ে তার হাতে দূরবীন নিয়ে হেঁটে যাচ্ছে এবং ঠিক সেই মুহূর্তের পরেই সন্ত্রাসী তার কাজ শুরু করেছিল। এমনও দাবি করা হয়েছে যে অন্য প্রত্যক্ষদর্শীরা বিশ্বাস করেন যে মসজিদ আন-নূরের বাইরে কালো পোশাক পরা অন্তত একজন অন্য ব্যক্তি ছিল যার কোনও ব্যাখ্যা নেই। একজন প্রত্যক্ষদর্শী আছেন যিনি বিশ্বাস করেন যে এই ব্যক্তি মসজিদ আন-নুরের ডান দিকে গুলি করছিল (এবং সন্ত্রাসী নয়)। দাবি করা হয়েছে যে মসজিদ আন-নূরের কিছু প্রত্যক্ষদর্শী বলেছেন যে তারা সন্ত্রাসীকে কারো সাথে কথা বলতে এবং পুলিশ এলে সতর্ক করতে বলতে শুনেছেন। অন্যান্য সাবমিশনে জিজ্ঞাসা করে হয়েছে যে সন্ত্রাসীর লিনউড ইসলামিক সেন্টারে গাড়ি চালিয়ে যাওয়ার সময় তার গাড়ির ভেতরের অডিও রেকর্ডিংয়ের কোনও বিশ্লেষণ করা হয়েছে কিনা যাতে এটি প্রমাণ করা যায় যে সে কারো সাথে কথা বলছিল কিনা?	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
12	পুলিশ প্রাথমিকভাবে অভিযোগ তুলেছিল যে আরও 9 জন পর্যন্ত লোক জড়িত ছিল।	কিছু সাবমিশন জিজ্ঞাসা করেছে যে এটি একাধিক শ্যুটারকে নির্দেশ করে কিনা।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
13	ঘটনাস্থলে পাওয়া সমস্ত আগ্নেয়াস্ত্র থেকে কি আঙ্গুলের ছাপ বা DNA নেওয়া হয়েছিল?	কিছু সাবমিশন মনে করে যে এটি সহযোগীদের শনাক্ত করতে পারে।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

14	হামলার পরে লুকানোর জন্য সন্ত্রাসীরা কি জায়গা প্রস্তুত করে রেখেছিল?	কিছু সাবমিশন মনে করে যে এটি সহযোগীদের শনাক্ত করার একটি উপায় হতে পারে।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
15	সন্ত্রাসীরা কি অনলাইন সহযোগীদের কাছ থেকে পরোক্ষ সমর্থন পেয়েছিল?	একটি ফরেনসিকভাবে গুরুত্বপূর্ণ প্রমাণের উৎস হল সন্ত্রাসীর কম্পিউটারের হার্ড ডিস্ক - এটি কোথায় আছে তা অনুসন্ধান করা উচিত। আরেকটি সাবমিশন সন্ত্রাসীকে খুব প্রাথমিক পর্যায়ে একা কাজ করা হিসাবে শ্রেণীবদ্ধ করার ফলে "নিশ্চিতকরণ পক্ষপাত" এর সম্ভাবনা উত্থাপন করেছে এবং উল্লেখ করেছে যে তার ঘোষণাপত্রে চরম ডানপন্থী ওয়েবসাইট এবং বিভিন্ন চালু কৌতুকগুলোতে ব্যবহৃত ভাষা রয়েছে। তার রাউটার থেকে তার অনুসন্ধান এবং ব্রাউজিং সংক্রান্ত লগ তদন্ত করা হয়েছিল কি? সে যাদের সাথে যোগাযোগে ছিল তাদের কাছ থেকে সমস্ত তথ্য কি অনুসরণ করা হয়েছিল?	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
16	গেমিংয়ের বন্ধু কি বন্দুক পরিবর্তনে সাহায্য করেছিল?	পরিবারগুলো জানেনা যে এটি তদন্ত করা হয়েছিল।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
17	আক্রমণের প্রস্তুতির সময় সন্ত্রাসীরা কোথায় স্টেরয়েড পেয়েছিল সে বিষয়ে প্রশ্ন।	কিছু সাবমিশন মনে করে যে এটি সহযোগীদের শনাক্ত করার একটি উপায় হতে পারে।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

18	মসজিদ আন-নূরে তার চূড়ান্ত নজরদারি মিশনের পর ক্রাইস্টচার্চ থেকে ডানেডিনে ফেরার পথে সন্ত্রাসী রাতে কোথায় ছিল সে বিষয়ে প্রশ্ন।	কিছু সাবমিশন প্রশ্ন করেছে যে কোনও সহযোগী সন্ত্রাসীর জন্য বাসস্থান সরবরাহ করেছিল কিনা এবং তারা আক্রমণে জড়িত থাকতে পারে কিনা।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
19	শহীদদের প্রতিটি গতিবিধি সম্পর্কে কী জানা গেছে এবং দ্রুত চিকিৎসা দিয়ে কি মৃত কোনও ব্যক্তিকে বাঁচানো যেত?	মৃত্যুর কারণ সম্পর্কে বিশেষজ্ঞের মতামতের জন্য অনুরোধ সহ এই বিষয়টি বেশ কয়েকটি পক্ষ দ্বারা উত্থাপিত হয়েছে। এই উদ্বেগ যে বর্তমান তথ্য খুবই জেনেরিক বা পর্যাপ্তভাবে বিশদে দেওয়া হয়নি। সাবমিশনগুলো এই বিষয়টিও উত্থাপন করেছে যে প্রতিটি শহীদ এবং আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে আক্রমণের আগের, সময়ের এবং পরের মুহূর্তগুলোর অন্তর্দৃষ্টি প্রয়োজন, যার মধ্যে রয়েছে (ক) তাদের মসজিদে যাওয়া, (খ) মসজিদে তাদের গতিবিধি, (গ) তারা কার সাথে ছিল, (ঘ) মসজিদে/আশেপাশে তাদের গতিবিধি, (ঙ) মৃত্যুর তাৎক্ষণিক কারণ/প্রক্রিয়া এবং (চ) ঠিক কখন এবং কোথায় প্রত্যেক ব্যক্তি মারা গিয়েছিল (যতটা নিশ্চিত করা সম্ভব)।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

20	প্রথম প্রতিক্রিয়াকারীদের কাছে কি পর্যাপ্তভাবে প্রশিক্ষণ এবং সংস্থান উভয়ই ছিল?	বেশ কয়েকটি পক্ষ দ্বারা উত্থাপিত। উদ্বেগ উত্থাপিত হয়েছিল যে 15 মার্চ 2019 তারিখে সমস্ত প্রাসঙ্গিক প্রথম প্রতিক্রিয়াকারীরা, যেমন পুলিশ, অ্যাম্বুলেন্স পরিষেবা এবং ক্রাইস্টচার্চ হাসপাতাল কীভাবে প্রতিক্রিয়া দেখিয়েছিল তার কোনও প্রকাশ্য পরীক্ষা করা হয়নি। যা ঘটেছে তার অসাধারণ প্রকৃতি পরিবারগুলো বোঝে এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের দ্বারা করা আন্তরিক প্রচেষ্টার জন্য তারা কৃতজ্ঞ। তবে, তারা উদ্বিগ্ন যে যা ঘটেছিল তা মোকাবেলা করার জন্য প্রথম প্রতিক্রিয়াকারীরা 'সামগ্রী' বা প্রশিক্ষণ (অন্যান্য প্রতিক্রিয়াকারীদের সাথে প্রশিক্ষণ সহ) দিয়ে সজ্জিত ছিলেন না। সুনির্দিষ্ট প্রশ্নেগুলোর মধ্যে রয়েছে: • পুলিশ, আর্মড অফেন্ডার্স স্কোয়াড (AOS) এবং স্পেশাল ট্যাকটিকস গ্রুপ (STG) এর সদস্যরা যারা "আহতদের যত্ন নিয়েছিলেন, সেই ব্যক্তিদের ট্রায়াজ (আঘাতের গম্ভীরতা বিচার) করে যত তাড়াতাড়ি সম্ভব তাদের আরও যত্নের জন্য পাঠিয়ে দিয়েছিলেন," প্রমাণের সারসংক্ষেপে বর্ণিত হিসাবে তারা সকলেই কি প্রশিক্ষিত ছিলেন? • AOS এবং STG-এর সদস্যরা যারা "আহতদের যত্ন নিয়েছিলেন, সেই ব্যক্তিদের ট্রায়াজ করে যত তাড়াতাড়ি সম্ভব তাদের আরও যত্নের জন্য পাঠিয়ে দিয়েছিলেন," প্রমাণের সারসংক্ষেপে বর্ণিত হিসাবে তারা সকলেই কি হয় AOS-এর মেডিক বা STG-এর মেডিক ছিলেন? • STG-এর সদস্যরা যারা "আহতদের যত্ন নিয়েছিলেন, সেই ব্যক্তিদের ট্রায়াজ করে যত তাড়াতাড়ি সম্ভব তাদের আরও যত্নের জন্য পাঠিয়ে দিয়েছিলেন," তাদের কি বার্ষিক শংসাপত্র হালনাগাদ ছিল, তারা কি বার্ষিক রিফ্রেশার প্রশিক্ষণ নিয়েছিলেন এবং সেইন্ট জন অ্যাম্বুলেন্সের প্রত্যয়িত প্যারামেডিকদের সাথে 40 ঘন্টার রাইড-অ্যালং প্রশিক্ষণ সম্পন্ন করেছিলেন? • AOS-এর মেডিকরা STG-এর মেডিকদের মতো একই স্তরে প্রশিক্ষিত না হওয়ার কারণ কী? তাদের কি একইরকম প্রশিক্ষিত হওয়া উচিত? • STG-এর জন্য সেইন্ট জন অ্যাম্বুলেন্সের প্যারামেডিকদের সাথে 40 ঘন্টার রাইড-অ্যালং ট্রেনিং কি "চেষ্টা করার" পরিবর্তে বাধ্যতামূলক হওয়া উচিত?	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।
21	পুলিশ কেন আরও দ্রুত পৌঁছায়নি?	সাবমিশনগুলো সন্ত্রাসীর ঘোষণাপত্র কর্তৃপক্ষের কাছে দুপুর 1:32-এ পাঠানোর বিষয়টি উত্থাপন করেছে।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

22	পুলিশের হস্তক্ষেপ ছাড়াই সন্ত্রাসী কীভাবে চলে গিয়ে, তার অস্ত্র আবার লোড করে মসজিদ আন-নূরে আবার প্রবেশ করল?	কিছু পরিবার উদ্বেগ প্রকাশ করেছে যে সন্ত্রাসী তার আক্রমণ শুরু করে বাইরে যাওয়ার, তার অস্ত্র আবার লোড করার এবং মসজিদ আন-নূরে আবার প্রবেশ করার সময় পেয়েছিল। তারা এই বিষয়েও উদ্বেগ প্রকাশ করেছেন যে কীভাবে সন্ত্রাসী সময় এবং পুলিশের প্রতিক্রিয়ার অভাব সম্পর্কে এতটা আত্মবিশ্বাসী ছিল যে সে বাইরে যেতে, বন্দুক আবার লোড করতে এবং আরও লোককে গুলি করার জন্য ফিরে আসতে দ্বিধা করেনি।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।
23	মেডিক্যাল প্রতিক্রিয়ায় বিলম্বের কারণ কী ছিল?	বিভিন্ন সাবমিশন ঘটনাস্থলে অ্যাম্বুলেন্স পৌঁছাতে এবং চিকিৎসা প্রদানে বিলম্বের বিষয় উত্থাপন করেছে।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।
24	প্রথম প্রতিক্রিয়াকারীরা কেন অসামরিক লোকদের মসজিদে আবার প্রবেশ করে সাহায্য প্রদান করতে বাধা দিয়েছিল?	বিভিন্ন পক্ষ দ্বারা উত্থাপিত। যখন পুলিশকে বলা হয়েছিল যে সন্ত্রাসী চলে গেছে তখনও মসজিদ আন-নূরে প্রবেশ করতে বিলম্ব নিয়ে উদ্বেগ রয়েছে। গুলিবিদ্ধ ব্যক্তিদের প্রাণ বাঁচাতে লোকেরা মসজিদে ফিরে যাওয়ার চেষ্টা করছিল কিন্তু পুলিশ তাদের প্রবেশ করতে বাধা দেয়।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।
25	পুলিশ কি অ্যাম্বুলেন্স পরিষেবাকে মসজিদ আন-নূরে প্রবেশ করতে বাধা দিয়েছিল এবং যদি তাই হয় তবে কেন?	কিছু পরিবার এই বিষয়েও উদ্বেগ প্রকাশ করেছেন যে পুলিশ অ্যাম্বুলেন্স কর্মীদের (এবং অন্যদের) প্রাথমিক চিকিৎসার জন্য মসজিদ আন-নূরে যেতে বাধা দিয়েছে। কেউ কেউ জিজ্ঞাসা করেছেন যে পুলিশ প্রথম চিকিৎসার প্রতিক্রিয়াকারীদের কোনও বাধা প্রদান করেছিল কিনা যা কিছু ভিকটিমদের বেঁচে যাওয়ার উপর বিরূপ প্রভাব ফেলে থাকতে পারে।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

26	আহত এবং মৃত ব্যক্তিদের ট্রায়াজ কারা করেছিল এবং কীভাবে এটি করা হয়েছিল?	অনেকগুলো পরিবার দ্বারা উত্থাপিত বিষয়। এই বিষয়ের প্রশ্নেগুলোর মধ্যে রয়েছে: • প্রতিটি ক্ষেত্রে প্রথম প্রতিক্রিয়াকারীরা কীভাবে নির্ধারণ করেছিলেন যে ব্যক্তিটি জীবিত ছিল না? • কারা নির্ধারণ করেছিল যে কেউ বেঁচে আছে এবং হাসপাতালে নিয়ে যাওয়া হবে কিনা? • শহীদদের মধ্যে যারা ঘটনাস্থলে মারা গিয়েছেন বলে নির্ধারণ করা হয়েছিল, তারা যে সত্যিই তখনও জীবিত ছিল না এবং তাদের জরুরি চিকিৎসা ব্যবস্থা করা যেতে পারত না তা নিশ্চিত করার জন্য কী পদক্ষেপ নেওয়া হয়েছিল? • এমন হতে পারে কি যে এই কারণে জীবিত ভিকটিমদের মৃত ভেবে ভুল করা হয়েছে এবং তাদের চিকিৎসা করা হয়নি? • এই বিষয় কি নির্ধারণ করা হয়েছিল যে কারা জীবিত ছিল এবং বেঁচে যেতে পারত এবং কাদের অঙ্গ-প্রত্যঙ্গ কাজ করছিল ও নড়াচড়া করছিল কিন্তু বাঁচার সম্ভাবনা ছিল না? যদি হয়ে থাকে তবে কীভাবে? • এমন কি হয়েছিল যে কোনও ভিকটিমে প্রাণ থাকার লক্ষণ দেখা যাচ্ছিল কিন্তু তাদের ঘটনাস্থলেই রেখে দেওয়া হয়েছে কারণ প্রথম প্রতিক্রিয়াকারীরা মূল্যায়ন করেছিলেন যে তাদের বাঁচানো যাবে না? • মৃতদের প্রত্যেককে কখন এবং কারা পরীক্ষা করেছিলেন? • এই ট্রায়াজ মুল্যায়নের কি কোনও রেকর্ড আছে? যদি না থাকে তবে এই ধরনের রেকর্ড কি রাখা যেত বা রাখা উচিত ছিল? • ভিকটিমদের তুলে এনে জড়ো করার কোনও ব্যবস্থা কি ছিল বা এই ধরনের অন্য কোনও যৌথ কাজের ব্যবস্থা কি ছিল যাতে ভিকটিমদেরকে মসজিদ থেকে চিকিৎসার জন্য বের করে আনা যায়? • স্থানীয় মেডিকেল সেন্টারের ডাক্তাররা কি লিনউড ইসলামিক সেন্টারের ট্রায়াজে জড়িত ছিলেন? • পুলিশ এবং প্যারামেডিক পরিষেবাগুলো এবং প্রাথমিক চিকিৎসা প্রদানকারী যেকোনও পরিষেবার অপারেশনাল প্রতিক্রিয়া কী ছিল?	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

27	গুলিবিদ্ধ আহতরা যারা বেঁচে গেছিলেন তাদের ঘটনাস্থলে সহায়তা প্রদানের কোনও প্রমাণ আছে কি?		এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
28	রেডিওর সমস্যাগুলো কি প্রাণহানির প্রতি কোনোভাবে অবদান রেখেছিল?	বিভিন্ন পরিবার জানতে চায় যে আনুষ্ঠানিক পুলিশ ডিব্রিফে চিহ্নিত করা রেডিও প্রোটোকল এবং রিয়েল টাইম ট্র্যাকিং প্রযুক্তির সমস্যাগুলো কোনোভাবে প্রাণহানির প্রতি অবদান রেখেছে কিনা। একই প্রশ্নগুলো অ্যাম্বুলেন্স পরিষেবার ট্রায়াজ প্রক্রিয়ার ক্ষেত্রে প্রযোজ্য।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।
29	ট্রায়াজ/চিকিৎসা সহায়তা পর্বের সময় কি পর্যাপ্ত নিয়ন্ত্রণ এবং দিকনির্দেশ ছিল?	উদ্বেগ উত্থাপিত হয়েছে যে কোন ব্যক্তিদের ট্রায়াজ কে করেছে তার কোনও রেকর্ড নেই এবং গুলিতে আহত বিভিন্ন ব্যক্তিদের জনসাধারণের সদস্যরা হাসপাতালে নিয়ে গিয়েছিলেন বা তাদের নিজে নিজে হাসপাতালে যেতে হয়েছে।	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।
30	মসজিদ আন-নূরে যখন গুলি চালানোর খবর পাওয়া গেল তখন পুলিশের কি লিনউড ইসলামিক সেন্টারে একটি দল মোতায়েন করা উচিত ছিল?	কিছু পরিবার উদ্বেগ প্রকাশ করেছে যে মসজিদ আন-নূরে গুলি চালানোর কথা জানানোর পরও পুলিশ লিনউড ইসলামিক সেন্টারে একটি দল মোতায়েন করেনি। কেউ কেউ প্রশ্ন করেছেন যে শহরের অন্যান্য ইসলামিক স্থলগুলো কেন সুরক্ষিত করা হয়নি?	এই বিষয়টি ইনকোয়ারির প্রসারের মধ্যে রয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

31	ট্রাফিক CCTV কি লিনউড ইসলামিক সেন্টারে পৌঁছানোর আগে সন্ত্রাসীটিকে ধরতে সহায়তা করতে পারত?	মসজিদ আন-নূর থেকে লিনউড ইসলামিক সেন্টারে সন্ত্রাসীটির ড্রাইভ করে যাওয়া সহ সেদিনের ঘটনাগুলো রেকর্ড করা CCTV ফুটেজের পরিমাণ এবং এই CCTV-গুলোর মধ্যে কোনওটি পুলিশ দ্বারা পর্যবেক্ষিত CCTV ছিল কিনা তা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। যদি তাই হয়, তাহলে সন্ত্রাসীটির গতি এবং উল্টোপাল্টাভাবে গাড়ি চালানোর প্রতিক্রিয়ায় কী করা হয়েছিল?	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
32	পুলিশের প্রথম প্রতিক্রিয়াকারীরা কি কিছু বেঁচে যাওয়া লোকদের প্রতি বৈরীভাব দেখিয়েছিল বা আক্রমণাত্মক ছিল?	উদ্বেগ উত্থাপিত হয়েছে যে কিছু বেঁচে যাওয়া ব্যক্তি 15 মার্চ, 2019 তারিখে গুলিবিদ্ধদের প্রতি পুলিশ কর্তৃক আক্রমনাত্মক আচরণের কথা জানিয়েছেন। বলা হয়েছে যে "বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে এটি বোঝা গেছে যে সেদিন সন্ত্রাসীটি বাদে অন্যরাও ছিল যারা গুলিবিদ্ধদের দিকে বন্দুক দেখিয়েছে। এটি এই ধরনের আচরণ থেকে অতিরিক্ত মানসিক আঘাত এবং ধাক্কার প্রশ্ন উত্থাপন করে যা যেকোনও মৃত্যুর ক্ষেত্রে অবদান রেখে থাকতে পারে।"	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।
33	পুলিশ সন্ত্রাসীটিকে পালানোর সুযোগ করে দিয়েছে কিনা।	একজন বেঁচে যাওয়া ব্যক্তি দাবি করেছেন যে তিনি দেখেছেন যে সন্ত্রাসীটি থাকতেই সেখানে পুলিশ ছিল এবং তারা তাকে চলে যেতে দেয়।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
34	লিনউড ইসলামিক সেন্টারে যাওয়ার পথে পুলিশ কি সন্ত্রাসীটিকে থামাতে পারত?	সাবমিশনগুলো প্রশ্ন উত্থাপন করেছে যে সন্ত্রাসীটি চলে যাওয়ার সময় লোকজনকে গুলি করা, দ্রুত গতিতে এবং ভুল পথে গাড়ি চালানো সত্ত্বেও পুলিশ সন্ত্রাসীটিকে থামাতে পারেনি।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

35	জরুরি 111 লাইনে উচ্চ কলের সংখ্যা কি লিনউড ইসলামিক সেন্টারের প্রথম দিকের কলগুলো মিস করার প্রতি অবদান রেখেছিল?	সাবমিশনগুলো উত্থাপন করেছে যে লিনউড ইসলামিক সেন্টার থেকে একটি প্রাথমিক 111 কল করা হয়েছিল যখন প্রথম গুলি চালানো হয়েছিল কিন্তু সেটি 6 মিনিটের জন্য হোল্ডে ছিল। সুনির্দিষ্ট প্রশ্নগুলোর মধ্যে রয়েছে: সমস্ত কল কি পুলিশের কাছে প্রেরণ করা হয়েছিল, সেগুলোর উত্তর দেওয়ার জন্য জনবলের পরিপ্রেক্ষিতে পুলিশের ক্ষমতা কতটা ছিল, একটি গণ শুটারের ঘটনায় 111 কলের যোগাযোগ এবং সমন্বয় বাড়ানোর জন্য কোনও সমর্থন ব্যবস্থা আছে কি, এবং 111 লাইনে উচ্চ কলের সংখ্যা কি মসজিদে মৃত্যুর প্রতি অবদান রেখেছিল?	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
36	ক্রাইস্টচার্চ হাসপাতালকে কখন এবং কীভাবে হামলার কথা জানানো হয়েছিল?	সাবমিশনগুলো জিজ্ঞাসা করেছে যে এটা কি সত্যি যে ক্রাইস্টচার্চ হাসপাতাল গুলির ঘটনা সম্পর্কে প্রথম জানতে পেরেছিল যখন দুজন ব্যক্তি মসজিদ আন-নূর থেকে পায়ে হেঁটে সেখানে এসেছিলেন? যদি তাই হয়, তাহলে হাসপাতালকে কেন দ্রুত জানানো হয়নি? দুজন লোক পৌঁছানোর ভিডিওটি দেখুন।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
37	আক্রমণের পরে / তাৎক্ষণিক প্রতিক্রিয়ার সময় ক্রাইস্টচার্চ হাসপাতালের ভূমিকা এবং প্রক্রিয়া নিয়ে কোনও সমস্যা ছিল কি?	সুনির্দিষ্ট প্রশ্নগুলোর মধ্যে রয়েছে: • গুলি চালনার ঘটনা জানানোর পরে CDHB, পুলিশ এবং অ্যাম্বুলেন্স পরিষেবার মধ্যে কী তথ্য ভাগ করা হয়েছিল? • মৃত্যু নির্ধারণ করার জন্য বা জীবন বাঁচানোর চেষ্টা করার জন্য মানদণ্ড/পরীক্ষার ক্ষেত্রে ক্রাইস্টচার্চ হাসপাতালের সাথে কি কোনও যোগাযোগ ছিল? • জীবন বাঁচানোর জন্য হাসপাতালের কোনও কাজ কি মসজিদে করা যেত? • সেদিন কী ঘটেছিল? লোকেরা কি জানত তারা কী করছিল? প্রাণ কি বাঁচানো যেত? • বেঁচে যাওয়া ব্যক্তিদের চিকিৎসায় কি এমন কোনও ঘাটতি ছিল যা শহীদদের যেভাবে চিকিৎসা করা হয়েছে তার উপর প্রশ্ন তোলে?	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

38	CDHB কি জরুরি নীতিগুলি যথাযথভাবে সক্রিয় এবং ব্যবহার করেছিল?	সুনির্দিষ্ট প্রশ্নেগুলোর মধ্যে ছিল: • প্রধান ঘটনা পরিকল্পনা কী? এটি কীভাবে ক্যান্টারবেরি DHB স্বাস্থ্য জরুরি পরিকল্পনা 2017-এর সাথে সম্পর্কিত? একটি স্বতন্ত্র দৃষ্টিকোণ থেকে এটিই কি সেরা অনুশীলন? এটি কি অনুসরণ করা হয়েছিল এবং কার দ্বারা? এই ধরনের পরিকল্পনার উপর আগে কোন কর্মীদের প্রশিক্ষণ পরিচালিত হয়েছিল? কত ঘন ঘন? কর্মীদের কোন স্তরে তা করা হয়েছিল? • CDHB কি 15 মার্চ 2019 তারিখে নিম্নলিখিত কোনওটি বা সমস্তটি প্রণয়ন করেছে বা ব্যবহার করেছে? ○ EOC: জরুরি অপারেশনের কেন্দ্র (Emergency Operations Centre)। একটি প্রতিষ্ঠিত কেন্দ্র যেখানে একটি ঘটনার অপারেশনাল প্রতিক্রিয়া নিয়ন্ত্রিত এবং প্রদান করা হয়। ○ জরুরি সমন্বয় কেন্দ্র (Emergency Coordination Centre): একটি প্রতিষ্ঠিত কেন্দ্র; যে অবস্থানে যেকোনও জরুরি অবস্থার প্রতিক্রিয়া সমন্বিত হয় এবং যেটি EOC পরিচালনা করে। ○ সমন্বিত ঘটনা ব্যবস্থাপনা প্রণালী (Coordinated Incident Management System)। জরুরি ঘটনাগুলোকে সুশৃঙ্খলভাবে পরিচালনা করার জন্য একটি কাঠামো যা জরুরি পরিস্থিতিতে জড়িত একাধিক সংস্থা বা ইউনিটকে একসাথে কাজ করতে দেয়। • যদি উপরের কোনওটি প্রণয়ন বা ব্যবহার করা হয়ে থাকে তবে এটি কীভাবে কাজ করেছে? • বিশৃঙ্খলার মধ্যে শৃঙ্খলা আনার প্রয়োজনীয় প্রচেষ্টায় কি বিভিন্ন কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছিল এবং বিভিন্ন ব্যবস্থা ও পরিকল্পনা বাস্তবায়িত হয়েছিল?	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

39	জরুরি পরিষেবাগুলোর সমন্বয়।	সাবমিশনগুলো জিজ্ঞাসা করেছে যে সন্ত্রাসী হামলার প্রতিক্রিয়া এবং জরুরি পরিষেবাগুলোর সমন্বয়ের জন্য কোনও প্রস্তুতি ছিল কিনা। সুনির্দিষ্ট প্রশ্নগুলোর মধ্যে ছিল:
		
		• সন্ত্রাসী হামলার জবাব দেওয়ার জন্য কি কোনও প্রস্তুতি ছিল এবং কোনও নীতি, ব্যবস্থা এবং অনুশীলন কি তৈরি করা হয়েছিল?
		  ○ এই নীতিগুলোতে কি যৌথ পরিকল্পনা ও অনুশীলন অন্তর্ভুক্ত ছিল?
		• এই নীতি, প্রণালী এবং অনুশীলনের অনুবর্তীতা কী ছিল?
		• স্থানীয় মসজিদ বা জাতীয় ইসলামী সাংগঠনিক প্রটোকল কী ছিল?
		  ○ পূর্ববর্তী বছরগুলোতে ক্রমাগতভাবে ক্রমবর্ধমান ঝুঁকির কারণে নিরাপত্তা সংস্থাগুলো মসজিদগুলোকে কী ধরনের নিরাপত্তা ব্যবস্থার পরামর্শ দিয়েছিল?
		• প্রশিক্ষণ, প্রস্তুতি, বা নীতির অভাব, বা নীতি এবং প্রনালীগুলোর অনুবর্তীতার অভাব কি প্রতিক্রিয়াকারীদের জীবন বাঁচানোর ক্ষমতাকে প্রভাবিত করেছে বা অন্য কোনও উপায়ে ঘটে যাওয়া প্রাণহানির পরিমাণে অবদান রেখেছে?
		• CDHB-এর কি নিম্নলিখিতের জন্য বিধান ছিল:
		  ○ হাসপাতালগুলোর মধ্যে সমন্বয়, তাদের পর্যাপ্ততা এবং প্রাসঙ্গিক পরিকল্পনা, প্রস্তুতি, নীতি, প্রণালী এবং অনুশীলনের অনুবর্তিতা।
		  ○ প্রাসঙ্গিক জরুরি পরিষেবাগুলোর মধ্যে এবং অসামরিক পরিষেবাগুলোর সাথে আন্তঃ-সংস্থা যোগাযোগ এবং সমন্বয়।
		  ○ সংস্থানের পর্যাপ্ত ব্যবহার ও সমন্বয়।
		  ○ জরুরি অবস্থায় প্রতিক্রিয়ার জন্য প্রস্তুতি এবং কার্যকর করার উপর উপরের সমস্তটির প্রভাব।
			এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

40	মৃত্যুর সময় এবং মোবাইল যোগাযোগের মধ্যে অমিলের বিষয়টি উত্থাপন করা হয়েছে।	কিছু পক্ষ অনুচ্ছেদ 8.4-এ সাধারণ প্রমাণাদির সারসংক্ষেপের মন্তব্যে সন্তুষ্ট ছিল না, যাতে বলা হয়েছে: "পুলিশের তদন্তে দেখানো হয়েছে যে এটি সেই দিনে সেলুলার ফোন এবং/অথবা সংযোগের একটি অসঙ্গতি দ্বারা ব্যাখ্যা করা হয়েছে।" অন্য কয়েকজন ভিকটিম মারা যাওয়ার আগে তাদের পরিবারের সাথে যোগাযোগ করতে সক্ষম হয়েছিলেন।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
41	গুলিচালনার সময়রেখায় অসঙ্গতি।	বেশ কয়েকটি সাবমিশন উল্লেখ করেছে যে সাধারণ প্রমাণাদির সারসংক্ষেপে গুলি চালানোর প্রথম সময়টি দুপুর 1:40 হিসেবে রেকর্ড করা হয়েছে অথচ রিকন্সিলিয়েশন রিপোর্টে গুলি চালানোর প্রথম সময়টি দুপুর 1:45 হিসেবে রেকর্ড করা হয়েছে। অন্যান্য সাবমিশনগুলো ব্যক্তিদের সাথে সম্পর্কিত অন্যান্য অসঙ্গতি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছে।	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
42	সবগুলো পরিবারকে DVI পোস্টমর্টেম রিপোর্টের মতো তথ্য দেওয়া হয়নি: তারা জানত না যে এটি আছে এবং তারা এটি চাইতে পারে।	-	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
43	পরিবারগুলো তথ্যের অনুরোধ করেছে যা প্রত্যাখ্যান করা হয়েছে বা উত্তর দেওয়া হয়নি।	-	এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।
44	তথ্য প্রদানের প্রক্রিয়া কি উন্নত করা যেতে পারত?	বেশ কিছু পরিবার হারিয়ে যাওয়া প্রিয়জনদের সম্পর্কে হ্যাগলি স্কুল এবং ক্রাইস্টচার্চ হাসপাতাল থেকে তথ্য পেতে তাদের অসুবিধার কথা উল্লেখ করেছে।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

45	কেন পরিবারগুলোকে তত্ত্বাবধান ছাড়া প্রিয়জনের দেহের এক্সেসের অনুমতি দেওয়া হয়নি?	সাবমিশনগুলো দৃষ্টিগোচর করেছে যে এটি পরিবারগুলোর জন্য পীড়াদায়ক ছিল।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।
46	ময়না তদন্তের আগে কি পরিবারগুলোর সাথে পরামর্শ করা উচিত ছিল? এবং শহীদদের মৃতদেহগুলো সাংস্কৃতিকভাবে উপযুক্তভাবে সামলানোর সুবিধার্থে নিউজিল্যান্ড পুলিশ, SJA এবং ক্রাইস্টচার্চ হাসপাতালে কি যথেষ্ট প্রক্রিয়া কার্যকর ছিল?	পক্ষগুলো এই বিষয়ে আইন বোঝে কিন্তু তারা মনে করে এটি পরিবর্তন করা উচিত এবং/অথবা মুসলিম বিশ্বাসের প্রেক্ষাপটে পরামর্শ নেওয়া উচিত ছিল। তারা এটাও মনে করেন যে আরও সাংস্কৃতিক দক্ষতা প্রয়োজন, উদাহরণস্বরূপ এটি নিশ্চিত করা যে কোনও নারী যেন মৃত পুরুষদের শরীর স্পর্শ না করে। সাবমিশনগুলোতে উত্থাপিত সাধারণ উদ্বেগগুলো ছিল যে মহিলাদের দেহ কেবলমাত্র মহিলাদের দ্বারা ধোয়া এবং পরিচালনা সামলানো উচিত এবং পুরুষদের দেহ কেবলমাত্র পুরুষদের দ্বারা ধোয়া এবং সামলানো উচিত। ভিকটিমের চোখ ও নিচের চোয়াল বন্ধ করে শরীর সাদা চাদর দিয়ে ঢেকে রাখা উচিত।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।
47	সাংস্কৃতিক প্রতিক্রিয়া এবং করোনিয়াল ইনকোয়ারি	সাংস্কৃতিক ও আধ্যাত্মিক চাহিদা সম্পর্কে সচেতন হওয়া এবং সমন্বয়বিধান করার করোনারের প্রয়োজনীয়তা সম্পর্কে পরিবারগুলো উদ্বেগ প্রকাশ করেছে। এর মধ্যে রয়েছে মৃত ব্যক্তির নামের এবং মসজিদাইনের সঠিক বানান।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

48	মসজিদ ও ইসলামিক কেন্দ্রগুলোর সুরক্ষা।	প্রাপ্ত সাবমিশনগুলো উত্থাপন করেছে যে, নিউজিল্যান্ডে ধর্মীয় সম্পত্তির বিরুদ্ধে ঘৃণা-অনুপ্রাণিত ভাংচুর বৃদ্ধির প্রেক্ষাপটে, সরকারের আরও ভালো নিরাপত্তার ব্যবস্থা করা উচিত ছিল কিনা। অন্যান্য সাবমিশনগুলো উল্লেখ করেছে যে মসজিদগুলোতে নিরাপত্তার বিষয়ে গরজ দেওয়ার জন্য আক্রমণের আগের বছরগুলোতে সন্দেহজনক কার্যকলাপের কতগুলো প্রতিবেদন ছিল তার বিশদ বিবরণে RCOI কোনও আলোকপাত করেনি। কেন মসজিদগুলোকে আরও সুরক্ষা দেওয়া হয়নি তা তদন্ত করার জন্য করোনারকে অনুরোধ করা।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
49	একা কাজ করা সন্ত্রাসীদের ট্র্যাক করার ক্ষমতায় ঘাটতি।	সাবমিশনগুলোতে অনুরোধ করা হয়েছে যে করোনার যেন তদন্ত করেন যে NZSIS-এর একা কাজ করা সন্ত্রাসীদের শনাক্ত করার কোনও কৌশল বা দক্ষতা রয়েছে কিনা।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
50	মুসলমানদের বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক পক্ষপাতিত্ব।	এই বিষয়টি উত্থাপিত হয়েছিল যে ডানপন্থী চরমপন্থার উপর নজর রাখতে ব্যর্থতা ইসলামোফোবিয়া থেকে উদ্‌ভূত মুসলমানদের বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক পক্ষপাতের ফলস্বরূপ। করোনারকে তদন্ত করার অনুরোধ করা হয়েছে যে মুসলমানদের বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক পক্ষপাত এই ঘটনার প্রতি কোনও অবদান রেখেছিল কিনা।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।
51	সন্ত্রাসীর পরিবারের বাধ্যবাধকতা।	কিছু পরিবার সন্ত্রাসীটির রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে তার পরিবারের উদ্বেগ রাষ্ট্রীয় সেক্টরের সংস্থাগুলোকে জানাতে ব্যর্থতা এবং সন্ত্রাসী যখন 15 মার্চ 2019 তারিখে তাদের টেক্সট করেছিল তখন অবিলম্বে পদক্ষেপ নিতে ব্যর্থ হওয়ার বিষয়ে পরিবারের নৈতিক দায়িত্ব সম্পর্কে কথা বলেছে।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।
52	শহীদদের মন্তব্য।	নিউজিল্যান্ডের গোয়েন্দা সংস্থার পদক্ষেপ কী ছিল? ইসলামী সন্ত্রাসীদের উপর কি খুব বেশি ফোকাস ছিল তাই এই সন্ত্রাসীটি দেশে আসার জন্য প্রস্তুতি নিতে এবং সে যা করেছে তা করতে কোনও বাধা পায়নি?	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (RCOI দ্বারা বিবেচিত হয়েছে)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

53	অভিযোগ প্রক্রিয়া।	নিউজিল্যান্ডে মুসলমানদের সাথে আচরণের বিষয়ে পুলিশের কাছে অভিযোগ করা হলেও তা গুরুত্ব সহকারে নেওয়া হয়নি। লিনউড ইসলামিক সেন্টারের সাথে জড়িত একটি ঘটনা ঘটেছে, পুলিশ সশস্ত্র হওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল এবং এক সপ্তাহ পরেও পুলিশ নিরস্ত্র।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এমন কোনও প্রমাণ নেই যে লিনউড ইসলামিক সেন্টারের ঘটনাটি 15 মার্চ 2019-এর আগে ঘটেছিল)।
54	হামলার পরে পরিবারগুলোর সাথে বিভ্রান্ত/বিলম্বিত যোগাযোগের কারণগুলো কী ছিল এবং গণহত্যার ঘটনার পরে কীভাবে যোগাযোগ উন্নত করা যেতে পারে?	সাবমিশনগুলো উল্লেখ করেছে যে তথ্য প্রাপ্তিতে বিলম্ব বা ভুল তথ্যের বিধান উল্লেখযোগ্য পীড়ার কারণ হয়েছে এবং ফলস্বরূপ পরিবারগুলো প্রিয়জনদের শনাক্ত করার জন্য গুলি চালনার GoPro ফুটেজ দেখা অবলম্বন করেছে। সুনির্দিষ্ট প্রশ্নগুলোর মধ্যে রয়েছে: • পুলিশের সাক্ষাৎকার এবং বিবৃতি গ্রহণের প্রক্রিয়ার কোনও পর্যালোচনা ছিল কি? ○ আরও বেশি লোকের কাছ থেকে আরও বেশি, উচ্চ মানের তথ্য পাওয়ার জন্য এই প্রক্রিয়াগুলো কীভাবে আরও ব্যাপকভাবে, আরও দ্রুত এবং আরও কার্যকরভাবে সম্পন্ন করা যেতে পারত? ○ ভিকটিমদের মধ্যে কথোপকথনের মধ্য দিয়ে মাস বা বছর পরে আবির্ভূত হওয়ার জন্য গুরুত্বপূর্ণ বিশদগুলো ছেড়ে দেওয়ার পরিবর্তে, সাক্ষাৎকারের প্রক্রিয়াগুলো কি অনেক আগের পর্যায়ে অনেক বেশি তথ্য দিতে পারত যখন বিষয়গুলো নতুন ছিল? • পুনর্গঠন করে কী ঘটেছে তা পরিবারগুলোকে আরও ব্যাপকভাবে ব্যাখ্যা করার জন্য কীভাবে সংযোগ, অনুমান এবং বিশ্লেষণ করা যেতে পারে?	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়

55	হামলার প্রতিক্রিয়ার কোনও অভ্যন্তরীণ পর্যালোচনা করা হয়েছে কিনা।	সাবমিশনগুলো জিজ্ঞাসা করেছে যে CDHB, পুলিশ এবং সেন্ট জনস অ্যাম্বুলেন্স আক্রমণের পরে আন্তঃসংস্থা সমন্বয় এবং যোগাযোগের লাইন সহ তাদের প্রক্রিয়াগুলো পর্যালোচনা করেছে কিনা, এবং কী পরিবর্তন করা হয়েছে। সুনির্দিষ্ট প্রশ্নেগুলোর মধ্যে রয়েছে:
		• সেদিন কি সব ধরণের জরুরি পরিষেবার উপস্থিতি সম্পর্কে পারস্পরিক সমন্বিত সচেতনতার সুযোগ ছিল যারা একটি প্রতিক্রিয়া সমন্বয় করতে পারত?
		• এই জরুরি এলাকার প্রতিটিতে পরিষেবার সম্পূর্ণ বর্ণালী কীভাবে একে অপরের অবস্থান এবং প্রয়োজনে প্রতিক্রিয়া জানানোর ক্ষমতা সম্পর্কে সচেতন হতে পারে?
		• একটি স্থানীয় অপারেশন কমান্ড সেন্টার যেমন জাস্টিস প্রিসিনক্টকে যথাযথভাবে সংশ্লিষ্ট সংস্থাগুলো দ্বারা অবহিত করা হলে, তারা কি ঘটনাস্থলে সমস্ত জরুরি ঘটনা এবং পরিষেবাগুলোর একটি ক্যালেন্ডার বজায় রাখতে ভূমিকা পালন করতে পারে এবং প্রয়োজনে এই পরিষেবাগুলোর সমন্বয়ে সহায়তা করতে পারে?
		  ○ এই ধরনের একটি যোগাযোগের কমান্ড সেন্টার কি সামগ্রিক সমন্বয়ের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করতে পারত?
		• কোনও ধরনের জরুরি পরিষেবা শনাক্তকরণ কি শপথ নেওয়া অফিসারদের শনাক্ত করার পুলিশের প্রয়োজনের সমস্যাটি কমিয়ে দিতে পারত?
		  ○ এই ধরনের সমন্বয় এবং শনাক্তকরণ বর্ধিতকরণ কি কেবল পুলিশকে অন্যান্য অফিসারদের শনাক্ত করতেই নয়, ভিকটিমদেরও পুলিশ এবং জরুরি প্রতিক্রিয়াকারীদের সনাক্ত করতে সক্ষম হওয়ার অসুবিধাকে লাঘব করতে পারত?
			এই বিষয়টি একটি তথ্য অনুরোধ দ্বারা সমাধান করার প্রস্তাব করা হয়েছে।

56	ডকুমেন্টেশনের ঘাটতি।	একটি সাবমিশন প্রশ্ন উত্থাপন করেছে যে আগ্রহী পক্ষগুলোর কোনও সুনির্দিষ্ট তালিকা আছে কিনা, এবং পূর্বে ব্যবহৃত তালিকাগুলো থেকে একটি নতুন তালিকা তৈরি করার আহ্বান জানিয়েছে। কাকে ভিকটিম হিসাবে বিবেচনা করা হচ্ছে সে বিষয়ে সাবমিশনটি উদ্বেগ উত্থাপন করেছে। মৃত্যু শংসাপত্র প্রক্রিয়া এবং কীভাবে সেই শংসাপত্রগুলোর বিশদ নিষ্পত্তি করা হয় তা নিয়েও উদ্বেগ উত্থাপিত হয়েছিল। ব্যবহৃত DVI ডকুমেন্টেশন সম্পর্কে অনুরূপ উদ্বেগ উত্থাপিত হয়েছিল। সামগ্রিকভাবে, সাবমিশনটি বিবেচনা করেছে যে ভিকটিমরা যে তথ্যগুলো পেয়েছে, যেমন প্রমাণের সারসংক্ষেপ, তা তাদের প্রয়োজন অনুসারে আরও উপযুক্ত করা দরকার।	ইনকোয়ারির প্রসারের বাইরের বিষয় (এই বিষয়টি তদন্ত করার কোনও এখতিয়ার নেই)।

পরিশিষ্ট এক: সাবমিশনগুলোতে উত্থাপিত বিষয়